যুগান্তর

তারিখ 11 APR 2018
পৃষ্ঠা ১৬ কলাম ৭

### ভুয়া প্রশ্নপত্র ফাঁস

# সোনারগাঁ ও বন্দরে দু'জন আটক

যুগান্তর রিপোর্ট, *সোনারগাঁ* ও বন্দর প্রতিনিধি

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে এইচএসসি পরীক্ষার ভুয়া প্রশ্নপত্র ফাঁসকারী চক্রের এক সদস্যকে আটক করেছে র‌্যাব সদস্যরা। আটকব্যক্তির নাম নূরনবী (১৭)। সোমবার রাতে উপজেলার সম্ভুপুরা ইউনিয়নের রামগোবিন্দগাঁও এলাকায় র‌্যাব-১১ এর একটি দল/ওই অভিযান চালিয়ে তাকে আটক করে। নূরনবী সোনারগাঁ উপজেলার রামগোবিন্দগাঁও গ্রামের মোক্তার হোসেনের ছেলে। এ ঘটনায় মঙ্গলবার সোনারগাঁ থানায় একটি মামলা রুজু হয়েছে।

এদিকে বন্দরে এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় খায়রুল ইসলাম (১৭) নামে একজনকে গ্রেফতার করেছে র‌্যাব। সোমবার রাতে বন্দর উপজেলার মুছাপুর ইউনিয়নের বালিগাঁও এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। এ সময় র‌্যাব তার কাছ থেকে দুটি মোবাইল ফোন উদ্ধার করে। এ ব্যাপারে র‌্যাব-১১ আদমজীনগর ডিএডি সিনিয়র ওয়ারেন্ট অফিসার আবু সাঈদ মিয়া বাদী হয়ে সোমবার রাতে বন্দর থানায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনে মামলা করেন। খায়রুল ইসলাম বন্দর উপজেলার মুছাপুর ইউনিয়নের লাঙ্গলবন্দের বালিগাঁও এলাকার গোলাপ হোসেন মিয়ার ছেলে।